

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২২৭

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ আল্লাহ ও তাঁর আযাবকে ভয় করার গুরুত্ব

আরবী

عَنْ أَبِيْ هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ عَلَيْ قَالَ أَسْرَفَ رَجُلُّ عَلَى نَفْسِهِ فَلَمَّا حَضَرَهُ الْمَوْتُ أَوْصَى بَنِيهِ فَقَالَ إِذَا أَنَا مُتُ فَأَحْرِقُونِى ثُمَّ اسْحَقُونِى ثُمَّ انْرُونِى فِى الرِّيحِ فِى الْبَحْرِ فَوَاللهِ لَئِنْ قَدَرَ عَلَى ّ رَبِّى لَيُعَذّبُنِى عَذَابًا مَا عَذّبَهُ بِهِ أَحَدًا قَالَ فَفَعَلُوا ذَلِكَ بِهِ فَقَالَ لِلأَرْضِ أَدِّى مَا قَدَرَ عَلَى ّ رَبِّي لَيُعَذّبُنِى عَذَابًا مَا عَذّبَهُ بِهِ أَحَدًا قَالَ فَفَعَلُوا ذَلِكَ بِهِ فَقَالَ لِلأَرْضِ أَدِّى مَا أَخَدْتِ فَإِذَا هُو قَائِمٌ فَقَالَ لَهُ مَا حَمَلَكَ عَلَى مَا صَنَعْتَ فَقَالَ خَشْيَتُكَ يَا رَبِّ أَوْ قَالَ مَ مَكَكَ عَلَى مَا صَنَعْتَ فَقَالَ خَشْيَتُكَ يَا رَبِّ أَوْ قَالَ مَ مَكَكُ مَا صَنَعْتَ فَقَالَ خَشْيَتُكَ يَا رَبِّ أَوْ قَالَ مَ مَكَكَ مَا مَنَعْتَ فَقَالَ خَشْيَتُكَ يَا رَبِّ أَوْ قَالَ مَ مَكَكُ مَا صَنَعْتَ فَقَالَ خَشْيَتُكَ يَا رَبِّ أَوْ قَالَ مَ مَكَكَ مَا صَنَعْتَ فَقَالَ خَشْيَتُكَ يَا رَبِّ أَوْ قَالَ مَ مَكَافَى لَهُ بِذَلِكَ

বাংলা

(২২৭) আবু হুরাইরা (রাঃ) হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, এক ব্যক্তি ছিল, যে নিজের প্রতি বড় অন্যায় (পাপ) করত। অতঃপর যখন তার মৃত্যুকাল উপস্থিত হল, তখন সে তার ছেলেদেরকে বলল, 'আমি মারা গেলে আমাকে আগুনে পুড়িয়ে ফেলো। তারপর আমার বাকি দেহাংশ পিষে বাতাসে ছড়িয়ে দিও। কেননা, আল্লাহর কসম! যদি তিনি আমাকে উপস্থিত করতে সমর্থ হন, তাহলে আমাকে এমন আযাব দেবেন যেমন আযাব তিনি আর কাউকেই দেবেন না!' সুতরাং সে মারা গেলে তাই করা হল। আল্লাহ পৃথিবীকে আদেশ করে বললেন, 'তোমার মাঝে (ওর যে দেহাণু আছে) তা জমা কর।' পৃথিবী তাই করল। ফলে লোকটি (আল্লাহর সামনে) খাড়া হয়ে গেল। আল্লাহ বললেন, 'তুমি যা করেছ তা করতে তোমাকে কে উদ্বুদ্ধ করল?' লোকটি বলল, 'তোমার ভয়, হে আমার প্রতিপালক!' ফলে তাকে মাফ করে দেওয়া হল।

ফুটনোট

(বুখারী ৩৪৮১, মুসলিম ২৫৬৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন